# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 05 May, 2025

বাংলাদেশে আসন্ন জাতীয় নির্বাচনের সময় নির্ধারণে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) কোনো ধরনের চাপ দেবে না বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার।তিনি বলেছেন, নির্বাচন কবে হবে, তা সম্পূর্ণভাবে বাংলাদেশের জনগণ এবং সংবিধান অনুযায়ী নির্ধারিত হবে।সোমবার (৫ মে) জাতীয় প্রেসক্লাবে ডিপ্লোম্যাটিক করেসপনডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ডিক্যাব) আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

রাষ্ট্রদূত মিলার বলেন, "আমরা কোনো নির্দিষ্ট সময়ের মধ্যে নির্বাচন আয়োজনের জন্য চাপ দিতে চাই না।সময় নয়, সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো—একটি অংশগ্রহণমূলক, আন্তর্জাতিক মানসম্পন্ন এবং স্বচ্ছ নির্বাচন আয়োজন করা।'

তিনি আরও জানান, ইউরোপীয় ইউনিয়ন বাংলাদেশে একটি গ্রহণযোগ্য নির্বাচনী পরিবেশ তৈরিতে সহযোগিতা করতে চায়।সেই লক্ষ্যে নির্বাচন কমিশন ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনাও অব্যাহত রয়েছে।

ড. মুহাম্মদ ইউনূসের প্রসঙ্গে রাষ্ট্রদূত বলেন, “তিনি আমাদের সঙ্গে দেখা করেছেন।নির্বাচন ও রাজনৈতিক সংস্কারের বিষয়ে সহযোগিতা চেয়েছেন।ইইউও চলমান সংস্কার প্রক্রিয়ায় সমর্থন দিয়ে যাচ্ছে।’

বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়ন নির্বাচন ড. মুহাম্মদ ইউনূস জাতীয় নির্বাচন রাষ্ট্রদূত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:36

URL: https://timestodaybd.com/national/6369861965